



**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**  
**প্রাণিসম্পদ অধিদপ্তর**  
**কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫**  
**www.dls.gov.bd**



স্মারক নং- ৩৩.০১.০০০০.১১০.৫৩.০০৫.১৮-১৮/১৯

তারিখ: ২৪/১০/২০১৯ খ্রীঃ।

প্রাপক

Atrayee Poultry Ltd.

(Farm's Address: Ganzabari, Phanchagarh Shadar, Phanchagarh).

বিষয় : ১ (এক) দিন বয়সী প্যারেন্টস্টক মুরগীর বাচ্চা আমদানীর অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : ১। Atrayee Poultry Ltd. এর ০৭/১০/২০১৯ ইং তারিখের আবেদন পত্র।

সুন্দাবীন পত্রের প্রেক্ষিতে আপনাকে ইউকে হতে ০১(এক) দিন বয়সী Hy-Line Brand Brown Parent stock লেয়ার জাতের ১৩,৯২০টি (তের হাজার নয়শত বিশ) মুরগীর বাচ্চা (প্রফর্ম ইনভেন্যুজ নং-৩০০৫৬ তারিখ-২৭/০৯/২০১৯) নিম্নে বর্ণিত শর্তে আগামী ২৮/০১/২০২০ খ্রীঃ তারিখের মধ্যে আমদানী করার জন্য অনুমতি প্রদান করা হলো :

**শর্তসমূহঃ**

১. অনুমোদিত সকল প্যারেন্টস্টক মুরগীর বাচ্চা “সংক্রামক রোগমুক্ত” এ মর্মে রঞ্জনীকারক দেশের দায়িত্ব প্রাপ্ত ভেটেরিনারিয়ান দ্বারা প্রত্যয়ন করতঃ প্রত্যয়ন পত্র আমদানীর সময় সঙ্গে প্রদান করতে হবে।
২. বাচ্চা দেশে পৌছার পর নিজ দায়িত্বে নুন্যতম ৩(তিনি) সপ্তাহ কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করবেন এবং সংশ্লিষ্ট উপজেলা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কোয়ারেন্টাইন সময়ে মনিটরিং করবেন ও একাতি প্রতিবেদন দাখিল করবেন।
৩. বাচ্চা দেশে পৌছার পর-পরই কমপক্ষে ৩(তিনি) টি বাচ্চা সহকারী পরিচালক, কোয়ারেন্টাইন ষ্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, বাংলাদেশ, ঢাকার মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮-কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-তে প্রেরণ করতঃ রোগ নির্ণয় প্রতিবেদন সংগ্রহ করে প্রাণিসম্পদ অধিদপ্তরকে অবহিত করবেন।
৪. অনুমোদিত সকল প্যারেন্টস্টক বিমানযোগে আমদানী করতে হবে এবং এ আমদানীর মেয়াদ আগামী ২৮/০১/২০২০ খ্রীঃ তারিখ পর্যন্ত বলুবৎ থাকবে।
৫. বাচ্চা আমদানীর পর খামারের অগ্রগতির প্রতি মাসে-মাসে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
৬. বাচ্চা আমদানীর পর রঞ্জনীকারক দেশ হতে প্রাপ্ত স্বাস্থ্যগত সনদপত্র ও এলসির কপি অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
৭. রঞ্জনীকারক দেশে/সংশ্লিষ্ট State-এ Notifiable AI দেখা দিলে তাৎক্ষনিকভাবে এ আদেশ বাতিল বলে গণ্য হবে এবং এ আদেশ অমান্য করে বাচ্চা আমদানী করলে সকল দায়িত্ব আমদানীকারক প্রতিষ্ঠানকে বহন করতে হবে।
৮. কর্তৃপক্ষ জনস্বার্থে যে কোন সময় এ আদেশ বাতিল বা স্থগিত করতে পারবেন।
৯. সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে বাচ্চা বিক্রি করতে হবে।
১০. মুরগীর বাচ্চা দেশে পৌছার পূর্বে সহকারী পরিচালক, কোয়ারেন্টাইন ষ্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা-কে অবহিত করতে হবে।

(ডঃ. মোস্তাফিজুর রহমান)  
সহকারী পরিচালক (প্রশিক্ষণ)  
পক্ষে-মহাপরিচালক  
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

জাতৰ্থে ও কাৰ্যাৰ্থে (প্ৰযোজ্য ক্ষেত্ৰে) অনুলিপি প্রেরণ কৰা হলো :

- ১। কমিশনার, কাস্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ২। উপপরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দণ্ডন, রংপুর।
- ৩। পি.এস.ও, কেন্দ্ৰীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮-কাজী আলাউদ্দিন রোড, ঢাকা। রোগ নির্ণয় প্রতিবেদনের এককপি নিম্নস্বাক্ষৰকাৰীর দণ্ডনে প্রেরণ কৰাৰ জন্য অনুৱোধ কৰা হলো।
- ৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পঞ্চগড়। হ্যাচাৰী পরিদৰ্শনপূৰ্বক কোয়ারেন্টাইন সময়ের মনিটোরিং প্রতিবেদন এবং প্রতি মাসে-মাসে পরিদৰ্শন প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ কৰবেন।
- ৫। কোয়ারেন্টাইন অফিসার, কোয়ারেন্টাইন ষ্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা। কমপক্ষে ৩ (তিনি) টি বাচ্চা সিডিআইএল, ৪৮-কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-তে প্রেরণ নির্দিত কৰাৰ জন্য অনুৱোধ কৰা হলো।
- ৬। আইসিটি কর্মকর্তা, আইসিটি শাখা (ডিএলএস এৰ ওয়েব সাইটে প্ৰকাশৰ জন্য)।
- ৭। অফিস কপি।
- অনুলিপি প্রেরণ কৰা হলো:
- ১। সচিব মহোদয়ের একান্তসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতিৰ জন্য)।